

বাংসরিক বাজেট
২০১৮-১৯

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

অর্থ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ বিভাগের ওয়েবসাইট: www.mof.gov.bd

বাংসরিক বাজেট
২০১৮-১৯
সূচিপত্র

	পৃষ্ঠা নং
ক. মন্ত্রণালয়ের বাজেট কাঠামো (MBF)	: ১
খ. সংযুক্ত তহবিল প্রাপ্তি (বিস্তারিত)	: ২৫
গ. মঞ্জুরি ও বরাদ্দের দাবী (পরিচালন ও উন্নয়ন)	: ৩৩
ঘ. মঞ্জুরি ও বরাদ্দের দাবী (পরিচালন)	: ৩৯
ঙ. মঞ্জুরি ও বরাদ্দের দাবী (উন্নয়ন)	: ৫৩

ক. মন্ত্রণালয়ের বাজেট কাঠামো (MBF)

মঞ্জুরি নং- ২৩

১২৬ - বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১৮-১৯	প্রক্ষেপণ	
		২০১৯-২০	২০২০-২১
পরিচালন ব্যয়	৪৮০,৩৮,০০	৫২৭,৬০,০০	৫৮০,৩৬,০০
উন্নয়ন ব্যয়	১১৭২০,৩৭,০০	১২৮৯২,৪০,০০	১৪১৮১,৬৪,০০
মোট	১২২০০,৭৫,০০	১৩১৬০,০০,০০	১৪৭৬৭,০০,০০
আবর্তক	৬৭৬,০৫,০০	৭৪২,৮১,৮০	৮১৭,০৪,৮৮
মূলধন	১১৫২৪,৫৫,৫০	১২৬৭৭,০১,৯০	১৩৯৪৪,৭৮,১২
আর্থিক সম্পদ	১৪,৫০	১৬,৩০	১৭,০০
দায়	০	০	০
মোট	১২২০০,৭৫,০০	১৩১৬০,০০,০০	১৪৭৬৭,০০,০০

১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক গবেষণা, প্রযুক্তি উদ্ভাবন, উন্নয়ন, পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনসহ পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার, প্রচার, প্রসার এবং সফল প্রয়োগের মাধ্যমে দেশ ও জাতির সার্বিক আর্থ-সামাজিক সমৃদ্ধি অর্জনে সহায়তা প্রদান।

১.২ প্রধান কার্যাবলি

- ১.২.১. জাতীয় উদ্দেশ্য ও পরিকল্পনার সঙ্গে সাযুজ্য রেখে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক বিদ্যমান নীতিমালা পর্যালোচনা এবং নতুন নীতিমালা প্রণয়ন;
- ১.২.২. বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক জাতীয় নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রমের মধ্যে সমন্বয় সাধন;
- ১.২.৩. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ (এনসিএসটি) এর সুপারিশসমূহ বাস্তবায়ন;
- ১.২.৪. গবেষণা ও উন্নয়নের জন্য বিজ্ঞান ও প্রযুক্তির সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তি/সংস্থা/শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান রূাবে গবেষণা ও উন্নয়নধর্মী কার্যক্রমে আর্থিক সহায়তা প্রদান এবং বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের আওতায় বিদেশে এমএস, পিএইচডি এবং দেশে পিএইচডি ও পোস্ট ডক্টরাল গবেষণার জন্য ফেলোশিপ প্রদান;
- ১.২.৫. বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কিত আন্তর্জাতিক সংস্থার সাথে সম্পর্ক স্থাপন এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে চুক্তি ও সহযোগিতা সংক্রান্ত কার্যক্রম এবং চলমান উন্নয়ন কর্মকান্ডে বাংলাদেশকে সম্পৃক্তকরণে যথাযথ পদক্ষেপ গ্রহণ;
- ১.২.৬. পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ এবং পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনসহ পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার এবং পরমাণু চিকিৎসা সেবা প্রদান সম্পর্কিত কার্যাবলি;
- ১.২.৭. বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন, প্রচার, প্রসার এবং বিজ্ঞানকে জনপ্রিয়করণসহ ছাত্র-ছাত্রীদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন এবং
- ১.২.৮. সমুদ্র বিষয়ক গবেষণা কার্যক্রম গ্রহণ, গবেষণালব্ধ ফলাফলের প্রয়োগ এবং এতদসংশ্লিষ্ট সকল কার্যক্রম পরিচালনা, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন করা।